

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২৭, ২০১৪

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ১৩ অগ্রহায়ণ, ১৪২১/২৭ নভেম্বর, ২০১৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ১৩ অগ্রহায়ণ, ১৪২১ মোতাবেক ২৭ নভেম্বর, ২০১৪
তারিখে রাষ্ট্রপতির সম্মতিলাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য
প্রকাশ করা যাইতেছে :—

২০১৪ সনের ১৮ নং আইন

বান্দরবন পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯ এর অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বান্দরবন পার্বত্য জেলা পরিষদ আইন, ১৯৮৯
(১৯৮৯ সনের ২১ নং আইন) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন বান্দরবন পার্বত্য জেলা পরিষদ
(সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ১৯৮৯ সনের ২১ নং আইনের ধারা ২ এর সংশোধন।—বান্দরবন পার্বত্য জেলা পরিষদ
আইন, ১৯৮৯ (১৯৮৯ সনের ২১ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২ এর
দফা (খ) এ উল্লিখিত “তনচেংগা” শব্দটির পরিবর্তে “তথঙ্গ্যা” শব্দটি, “বোম” শব্দটির পরিবর্তে
“বম” শব্দটি, “খুশী” শব্দটির পরিবর্তে “খুমী” শব্দটি এবং “পাংখু” শব্দটির পরিবর্তে “পাংখোয়া”
শব্দটি প্রতিস্থাপিত হইবে।

(১৯৬৯৫)

মূল্য : টাকা ৪.০০

৩। ১৯৮৯ সনের ২১ নং আইনের ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (৩) এর—

- (ক) দফা (ঘ) এ উল্লিখিত “তনচেংগা” শব্দটির পরিবর্তে “তথঙ্গ্যা” শব্দটি প্রতিস্থাপিত হইবে।
- (খ) দফা (ঙ) এ উল্লিখিত “বোম” শব্দটির পরিবর্তে “বম” শব্দটি ও “পাংখু” শব্দটির পরিবর্তে “পাংখোয়া” শব্দটি প্রতিস্থাপিত হইবে।
- (গ) দফা (ছ) এ উল্লিখিত “খুশী” শব্দটির পরিবর্তে “খুমী” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

৪। ১৯৮৯ সনের ২১ নং আইনের ধারা ১৬ক এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১৬ক এর উপ-ধারা (২) এর পরিবর্তে নিম্নরূপ উপ-ধারা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:—

“(২) একজন চেয়ারম্যান যিনি উপজাতীয় হইবেন ও নিম্নবর্ণিত চৌদজন সদস্য সমন্বয়ে সরকার অন্তর্বর্তীকালীন পরিষদ গঠন করিবে, যথা:—

- (ক) মারমা উপজাতি হইতে মনোনীত তিনজন সদস্য;
- (খ) তথঙ্গ্যা ও চাকমা উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (গ) ত্রো (মুরং) উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (ঘ) ত্রিপুরা উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (ঙ) চাক উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (চ) বম, লুসাই ও পাংখোয়া উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (ছ) অ-উপজাতীয় হইতে মনোনীত তিনজন সদস্য;
- (জ) খিয়াং ও খুমী উপজাতি হইতে মনোনীত একজন সদস্য;
- (ঝ) উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য; এবং
- (ঝঃ) অ-উপজাতীয় মহিলা হইতে মনোনীত একজন সদস্য।

৫। ১৯৮৯ সনের ২১নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম, প্রস্তাবনা ও সংক্ষিপ্ত শিরোনামসহ বিভিন্ন স্থানে উল্লিখিত বান্দরবন শব্দটির সংশোধন।—উক্ত আইনের পূর্ণাঙ্গ শিরোনাম, প্রস্তাবনা ও সংক্ষিপ্ত শিরোনামসহ বিভিন্ন স্থানে উল্লিখিত “বান্দরবন” শব্দটির পরিবর্তে সর্বত্র “বান্দরবান” শব্দটি প্রতিস্থাপিত হইবে।

মোঃ আশরাফুল মকবুল
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd